রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**দায়রা জজ আদালত**

**কক্সবাজার।**

**বিজ্ঞপ্তি**

**ক্রিমিনাল পারমিশন মিস মামলা নং-৫৭৭/২০১৯,**

**(যাহা টেকনাফ মডেল থানা মামলা নং-৭৪, তারিখ:-২৯-০৮-২০১৭ইং, ধারা:-মানিলন্ডারিং প্রতিরোধ দমন আইন, ২০১২(সং/২০১৫) এর ৪(২) হইতে উদ্ভূত)।**

অদ্য অত্র মামলা আদেশের জন্য দিন ধার্য আছে। নথি আদেশের জন্য লওয়া হইল। তদন্তকারী কর্মকর্তা দাখিলী গত ২৭-০১-২০১৯ ইং তারিখের দরখাস্ত ও মূল নথি দেখিলাম তৎসহ পর্যালোচনা করিলাম।

দরখাস্তকারীর উক্ত দরখাস্ত হইতে দেখা যায় তাহাতে ১নং আসামী নুরুল হক ভুট্রো (জাতীয় পরিচয়পত্র নং ১৯৮৫২২১৯০৬৩৬০৫৮৭১, টিআইএন নং-৩৫৯৩৮০৩৮৬৭০৬), ২নং আসামী নুর মোহাম্মদ (জাতীয় পরিচয়পত্র নং ১৯৮১২২১৯০৬৩০০০০৩০), উভয় পিতা-এজাহার মিয়া এবং পলাতক ১০নং আসামী এজাহার মিয়া (জাতীয় পরিচয়পত্র নং ১৯৪৩২২১৯০৬৩৬০৩৯৭৯, টিআইএন নং-৬২০০৩২৭৬০১৯১), পিতা-নজু মিয়া, সর্বসাং-নাজির পাড়া, ডাকঘর ও থানা-টেকনাফ, জেলা-কক্সবাজার ২০১০-২০০১ ইং সাল হইতে ২০১৭-২০১৮ সাল পর্যন্ত মানি লন্ডারিংয়ের মাধ্যমে বিপুল পরিমাণ অবৈধ অর্থ সম্পদ অর্জনের মাধ্যমে সর্বমোট ৫,৭৩,৯৬,৮৬৭ টাকা লন্ডারিং করতঃ দরখাস্তে বর্ণিত সম্পত্তি ও বাড়ি নির্মাণসহ বিলাসবহুল জীবন যাপন করিতেছেন। উক্ত আসামীরা সংঘবদ্ধ মাদক ব্যবসায়ী ও ধূর্ত প্রকৃতির হওয়ায় অবৈধ ইয়াবা বিক্রয় করিয়া অপরাধলব্ধ আয় দ্বারা অর্জিত সম্পত্তি ক্রোক করা না হইলে বেহাত হওয়ার এবং রাষ্ট্রের আর্থিক ক্ষতি হইবে, অপরাধলব্ধ আয় দ্বারা অর্জিত সম্পত্তি অন্যত্র বিনিয়োগ করিয়া আরো অপরাধের সৃষ্টি করিবে জন্য আসামীদের মালিকানাধীন দরখাস্তে উল্লিখিত জমি ও বাড়ি ক্রোক করার প্রার্থনা করা হইয়াছে।

দাখিলী দরখাস্ত ও ক্রোক আদেশ প্রদানের নিমিত্তে সম্পত্তির বিবরণ এবং তৎসমর্থনে দাখিলী রেজিস্ট্রি কবলা দলিলসমূহের সহিমোহরী নকল এবং পাকা দালান বাড়ি সংযুক্ত ছবি ও তৎসংক্রান্তে স্থানীয় ইউ,পি চেয়ারম্যান এর প্রত্যয়ন পত্র দেখিলাম ও পর্যালোচনা করিলাম।

নিম্ন তফসিল বর্ণিত স্থাবর অস্থাবর সম্পত্তিসমূহ বর্ণিত আসামীগণের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত সমাপ্তি সাপেক্ষে নিষ্পত্তির পূর্বেই অন্যত্র হস্তান্তর ও বেহাত হইবার সমূহ আশংকা প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে তদন্তকারী কর্মকর্তার দাখিলী দরখাস্ত মঞ্জুরক্রমে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১৪(১) ধারার বিধান মোতাবেক তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ ক্রোকাবদ্ধ (Attachment) করা হইল।

**তফসিলসমূহ :**

(১) আসামী মোঃ নুরুল হক এর নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসের গত ৬-০৩-২০১৩ ইং তারিখে রেজিস্ট্রিকৃত ৫৩৭ নং কবলা দলিলমূলে খরিদা মৌজাঃ টেকনাফ-২, জে, এল নং ০৯, থানা- টেকনাফ, জেলা-কক্সবাজার, আর, এস খতিয়ান নং ৯৬৯, এম,আর,আর খতিয়ান নং ৭১২, আর, এস ৭৭৬৯ দাগের তুলনামূলক বি, এস ৫৮৭ নং খতিয়ানের বি, এস ১৭৮৪০৪ দাগের আন্দর সৃজিত নামজারী বি, এস ৪২৪৯ নং খতিয়ানের বি, এস ১৭৪০৪ দাগের আন্দর ৩.২০ একর জমির মধ্যে ৭.১২ শতক নাল জমি।

(২) আসামী নুর মোহাম্মদ এবং নুরুল হক ভুট্টোর নামে টেকনাফ সাব- রেজিস্ট্রি অফিসে গত ১২-০৩-২০১৩ ইং তারিখে রেজিস্ট্রিকৃত ৫৮৭ নং কবলা দলিল মূলে খরিদা মৌজা:-টেকনাফ-২, জেএল নং-০৯, থানা-টেকনাফ, জেলা-কক্সবাজার, আর,এস ৫৪৭/৯৬৯ নং খতিয়ানের আর,এস ৭৭৬০, ৭৭০৪, ৭৭০৬, ৭৭৬১, ৭৭৫৯ দাগ। আর,এস ৮১৫/৪২৮ নং খতিয়ানের আর,এস $\frac{৭৬৯৫}{৯৩৭৯}$, $\frac{৭৬৯৫}{৯৩৭৩}$ দাগাদি হইতে সৃষ্ট তুলনামূলক বি,এস ৩০৭ নং খতিয়ানের বি,এস ১৮৭৫, ১৮৭৬, ১২৯৯৬, ১৩২৬৯, ১৩২৬৮, ১৭০১২, ১৭৩৯১, ১৭৩৮৯, ১৭৩৯০ দাগাদির আন্দর। আপোষ চিহ্নিত মতে বি,এস ১৭৩৯০ দাগের ৫.৪৪ একর জমি হইতে ২৬.১১ শতক নাল জমি।

(৩) আসামী নুরুল হক ভুট্টো ও নুর মোহাম্মদ এর নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসে গত ২৪-০৯-২০১৩ ইং তারিখের ২১৬২ নং কবলা দলিলমূলে খরিদা মৌজা:-টেকনাফ-২, জে এল নং-০৯, আর,এস ৯৬৯, ৭০৯ ও ৭১২ নং খতিয়ানাদির আর,এস ৭৬৯৫, ৭৬৯৬, ৭৬৯৮, ৭৬৯৯, ৭৮০২, ৭৮০৩, ৭৭০০, ৭৮০১, ৭৭০১, ৭৭০৪, ৭৭৬৯ ও ৭৭৮৫ দাগাদি হইতে সৃষ্ট তুলনামূলক বি,এস ৫৮৭ নং খতিয়ানের বি,এস ১৭২২৭, ১৭২৩৯, ১৭২৫৫ ও ১৭৪০৪ দাগাদির আন্দরে আপোষ চিহ্নিত মতে বি,এস ১৭২৫৫ দাগের ৭১ শতক হইতে ৫০ শতক ভিটি জমি।

(৪) আসামী মোঃ নুরুল হক এর নামে ১,১০,০০০ টাকা মূল্যে খরিদা ৩.৩৩ শতক খিলা জমি বাবদ টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসে গত ২৩-০৭-২০১৩ তারিখের ১৭৬২ নং কবলা দলিলমূলে খরিদা মৌজা:-টেকনাফ-২, জেএল নং-০৯, আর,এস ৫১০/২৫৩ ও ১১৩৯ নং খতিয়ানের আর,এস $\frac{৭৬৯৫}{৯২৩২}$, $\frac{৭৬৯৫}{৭২৪৯}$, ৭৬৯৪, ৭৬৭৫, ৭৭০৬ দাগাদি হইতে বি,এস ৬৪২ নং খতিয়ানের বি,এস ১৭২৪৩, ১৭২৫০, ১৭২৩৩, ১৭২৫১ দাগাদির আন্দরে। আপোষ চিহ্নিত মতে বি,এস ১৭২৫১ দাগের ০২.৯৫ একর মধ্যে ০৩.৩৩ শতক খিলা জমি।

(৫) আসামী মোঃ নুরুল হক ও অন্য ২ ব্যক্তির নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসের গত ১২-১১-২০১৪ ইং তারিখের ২১২০ নং কবলা দলিলমূলে খরিদা মৌজা:-টেকনাফ-২, জেএল নং-০৯, আর,এস ১নং খতিয়ানের অধীনে ৫১০/২৫২ নং খতিয়ান, ৬৪৬ নং জোত, ৫১০/২৫৩ নং ৪/১৭৩ নং ও আর,এস ১১৩৯ নং খতিয়ান, আর,এস ৮২৪৯ দাগের আন্দর। ৮১৫/৪২৩ নং খতিয়ান ৮৪২ নং জোত। আর,এস ৭৬৯৫/৯৩৬৯, ৭৬৯৫/৯২৩২, ৭৬৯৫/৭২৪৯, ৭৬৯৫, ৭৮৪৯, ৭৭০৮, ৭৭১৭, ৭৭৯৫, ৭২৪৯, ৭৭৯৮ দাগাদি হইতে সৃষ্ট তুলনামূলক বি,এস ৫৮৪ নং খতিয়ানের বি,এস ১৭২৫০, ১৭২৬৬ ও ১৭৪২৪ দাগাদির আন্দরে ১৩ শতক নাল জমি এবং বি,এস ১৭২৫১ ও ১৭২৬৯ দাগাদির আন্দরে ১৮ শতক খিলা মোট ৩১ শতক জমির মধ্যে আসামী মোঃ নুরুল হক এর মালিকানা ১/৩ অংশ জমি।

(৬) আসামী মোঃ নুরুল হক এর নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসে গত ৮-০৫-২০১৭ ইং তারিখের ১২২৭ নং কবলা দলিলমূলে খরিদা মৌজা:-টেকনাফ-২, জেএল নং-০৯, আর,এস খতিয়ান নং ৫৪৭, এম,আর,আর খতিয়ান নং-৬৬১, আর,এস দাগ নং-৩৭৭২, ৩৭৭৩, ৩৭৭৪ দাগাদির আন্দরে বি,এস ২৮১ নং খতিয়ানের বি,এস ১০২৫, ১০২৬, ১২৭৩, ১২৭৬। সৃজিত বি,এস দাগ-১০২৫। সৃজিত নামজারী বি,এস খতিয়ান নং-৮০৪২। দিয়ারা ২৯২৩ নং খতিয়ানের দিয়ারা ৫৯০৩/৬১৫১ দাগের ০.০৬৬৭ শতক নাল জমি।

(৭) আসামী মোঃ নুরুল হক এর নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসে গত ৮-০৮-২০১৭ ইং তারিখের ১৯০৩ নং কবলা দলিলমূলে খরিদা মৌজা:-টেকনাফ-২, জেএল নং-০৯, আর,এস খতিয়ান নং ৫১৪, এম,আর,আর খতিয়ান নং ৬৬১, আর,এস দাগ নং-৩৭৭৪, ৩৭৭৩, ৩৭৭২, ৩৭৬৫ দাগাদি হইতে সৃষ্ট বি,এস ৪৮৯ নং খতিয়ান। সৃজিত নামজারী বি,এস খতিয়ান নং-৩৫৬৮, ৬৩৬৮। সৃজিত বি,এস ১২৭৪ দাগের আন্দরে। সৃষ্ট তুলনামূলক ১৮১ নং খতিয়ানের সৃজিত বি,এস ৩১০৩ নং খতিয়ানের সৃজিত বি,এস ১২৭৩ ও ১২৭৬ দাগের দিয়ারা ১৩৮২ নং খতিয়ানের দিয়ারা ৬০১৬ দাগের ০.১৪৬৬ একর বাড়ী (ঘরবিহীন) শ্রেণির জমি।

(৮) আসামী নুর মোহাম্মদ ও মোঃ নুরুল হক এর নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসের গত ১৮-১২-২০১২ ইং তারিখের ৩০৬৭ নং কবলা দলিলমূলে খরিদা মৌজাঃ-টেকনাফ, আর,এস ৯৬৯ নং খতিয়ানের এম,আর,আর-৭১২ নং খতিয়ানের আর,এস ৭৭৬৯ দাগের, বি,এস ৫৮৭ নং খতিয়ানের সৃজিত বি,এস ৪২৪৯ নং খতিয়ানের বি,এস ১৭৪০৪ দাগে ৫৭ শতক নাল জমি।

(৯) আসামী মোঃ নুরুল হক এর নামে টেকনাফ সাব-রেজিস্ট্রি অফিসে গত ২৫-১০-২০১৭ ইং তারিখের ১৫৯৬ নং কবলা দলিলমূলে খরিদা মৌজাঃ-টেকনাফ-১, জেএল নং-০৯, আর,এস ৫৪৭ নং খতিয়ানের অধীনে আর,এস ১০৯৩ নং খতিয়ান। এম,আর,আর ১২৩৬ নং খতিয়ান। আর,এস ৪০৮৬, ৪০৮৭, ৬৩৭৭ দাগের আন্দরে এবং আর,এস ৫৪৭ নং খতিয়ানের অধীনে আর,এস ৬৬২ নং খতিয়ান। এম,আর,আর ৮২৬ নং খতিয়ান। আর,এস ৬৩৮০, ৬৩৭৮, ৬৩৮১ দাগের আন্দর। বি,এস ৬৫৭ নং খতিয়ানের বি,এস ১৮৮০, ১৮৮১, ১৯৮০, ১১৩১৭, ১৭৩২২, ১৭৩২৪ দাগাদির আন্দর। বি,এস ৬৫৭ নং খতিয়ানের সৃজিত বি,এস ১৮৮১, ১৮৮১ দাগের আন্দরে। দিয়ারা ৮১৪ নং খতিয়ান হইতে আগত সৃজিত নামজারী দিয়ারা ৩৩৭৭ নং খতিয়ানের দিয়ারা ৩৬৯৬ দাগ হইতে ০.১২১৭ একর বাড়ী (ঘরবিহীন) জমি।

**বাড়ির বর্ণনা :**

১) মৌজা:-টেকনাফ-২, জেএল নং-০৯, আর,এস ৯৬৯ নং খতিয়ান। আর,এস ৭০৯ ও ৭১২ নং খতিয়ানের আর,এস ৭৬৯৫, ৭৬৯৬, ৭৬৯৮, ৭৬৯৯, ৭৮০২, ৭৮০৩, ৭৭০০, ৭৮০১, ৭৭০৪, ৭৭৬৯ ও ৭৭৮৫ দাগাদি হইতে সৃষ্ট তুলনামূলক বি,এস ৫৮৭ নং খতিয়ানের বি,এস ১৭২২৭, ১৭২৩৯, ১৭২৫৫ ও ১৭৪০৪ দাগাদির আন্দরে আপোষ চিহ্নিত মতে বি,এস ১৭২৫৫ দাগের ৭১ শতক হইতে আসামী নুরুল হক ভুট্টোর নিজ নামে ক্রয়কৃত ২৫ শতক ভিটি জমির উপর নির্মিত একতলা পাকা দালান বাড়ি (ছবি সংযুক্ত)।

২) ৯০২ নং খতিয়ানের ১৭২৪৭ দাগের ০৯ (নয়) শতক জমির উপর নির্মিত দোতলা পাকা দালান বাড়ি (ছবি সংযুক্ত)।

**খোন্দকার হাসান মোঃ ফিরোজ**
দায়রা জজ, কক্সবাজার।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd